
# কালের কণ্ঠ

## উত্তরা ইউনিভার্সিটিতে দেশের একমাত্র নারী উপাচার্য



প্রকাশ: ০৬ মে, ২০২৬

উত্তরা ইউনিভার্সিটিতে উপাচার্যের দায়িত্ব পালন করছেন প্রফেসর ড. ইয়াসমীন আরা লেখা। তিনি দেশের একমাত্র নারী উপাচার্য।

ইউজিসির অনুমোদিত বেসরকারি বিশ্ববিদ্যালয়ের সংখ্যা শতাধিক। তাঁর নেতৃত্বে উত্তরা ইউনিভার্সিটি আন্তর্জাতিক পাঁচটি র‍্যাংকিংয়ে জায়গা করে নিয়েছে এবং ধাপে ধাপে এগিয়ে যাচ্ছে। ড. ইয়াসমীন প্রমাণ করেছেন—সততা, মেধা আর কাজের প্রতি একাগ্রতা থাকলে যেকোনো পর্বতসম বাধা টপকে যাওয়া সম্ভব। একজন লেখক, গবেষক, শিক্ষক ও দক্ষ প্রশাসক হিসেবে তিনি ধাপে ধাপে নিজেকে তৈরি করেছেন।

শিক্ষার মানোন্নয়ন আর গবেষণার ওপর জোর দিয়ে তিনি উত্তরা ইউনিভার্সিটিকে একটি আধুনিক, কর্মমুখী এবং আন্তর্জাতিক মানের শিক্ষাদানের রোল মডেলে পরিণত করেছেন। বাংলাদেশের বেসরকারি বিশ্ববিদ্যালয়ে পড়ান, এমন অনেক নারীই তাঁকে দেখে স্বপ্ন দেখার অনুপ্রেরণা পান। তিনি প্রমাণ করছেন—নারীরা কেবল একাডেমিতে  সীমাবদ্ধ নন, তাঁরা চাইলে একটি বৃহৎ শিক্ষাপ্রতিষ্ঠানের নীতিনির্ধারণী পর্যায়ও অত্যন্ত সফলতার সঙ্গে পরিচালনা করতে পারেন।

উল্লেখ্য, দেশের প্রথম দিককার বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলোর মধ্যে অন্যতম উত্তরা ইউনিভার্সিটি।